যুগান্তর

NOV. 26 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# সরকার মাধ্যমিক স্কুল শিক্ষকদের ভাতা বৃদ্ধির প্রস্তাব বিবেচনা করছে

**ইত্তেফাক রিপোর্ট ॥** সরকার মাধ্যমিক স্কুলের শিক্ষকদের ভাতা বৃদ্ধির বিষয় বিবেচনা করছে এবং বেসরকারী প্রাথমিক শিক্ষকদের বেতন-ভাতা ক্রমান্বয়ে বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করবে। গতকাল রোববার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে এই তথ্য জানান হয়।

শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক এবং সংসদে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ডঃ খোন্দকার মোশাররফ হোসেন গতকাল বিভিন্ন প্রশ্নের জবাব দেন। শিক্ষামন্ত্রী জানান, মাধ্যমিক স্কুলের শিক্ষকদের ভাতা বৃদ্ধির প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। শামসুল আলম প্রামাণিকের এক প্রশ্নের জবাবে ডঃ মোশাররফ বলেন, দেশে রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৯ হাজার ২৫৩টি এবং এই বিদ্যালয়গুলোকে

(২য় পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## সরকার মাধ্যমিক স্কুল শিক্ষকদের

(প্রথম পৃষ্ঠার পর)

জাতীয়করণের কোন পরিকল্পনা সরকারের নেই। তবে সরকারীকরণের বিষয় বিবেচনা করা হচ্ছে। তিনি বলেন, '৯৬ সালের জুলাই থেকে গত জুন পর্যন্ত দেশে কোন বেসরকারী প্রাথমিক বিদ্যালয়কে সরকারীকরণ করা হয়নি। আর ঐ সময়কালে দেশের মোট ১০৮টি মাদ্রাসার এমপিওভুক্তি বন্ধ করে দেয়া হয়। মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী ও মাদ্রাসা শিক্ষা বোর্ড বৃদ্ধির ব্যাপারে চিন্তা-ভাবনা চলছে বলে মন্ত্রী সংসদকে জানান।